# ইসলামী জ্ঞান: নিত্যদিনের প্রয়োজনে

বিভাগ/অধ্যায়ঃ শিয়া বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

---

রাফিযাহ (রাফিদ্বা) কাকে বলে?

রাফিযাহ, শব্দটির অর্থ অস্বীকারকারী। এ নামটি প্রথম তাদেরকে প্রদান করেন ইমাম যায়েদ ইবন আলী ইবনুল হুসাইন ইবন আলী ইবন আবী তালেব। যখন তারা এসে তাঁর কাছে এসে বললো আপনি আবু বকর, উমার ও উসমান থেকে বিমুক্ত ঘোষণা করুন। তখন তিনি তা বলতে অস্বীকার করলে তারা তাকে ত্যাগ করে চলে যায়। তখন তিনি তাদেরকে বলেন, রাফাদ্বতুমূনী। সে থেকে তারা রাফিদ্বা। বর্তমান বিশ্বের অধিকাংশ শিয়ারাই রাফিদ্বাহ শিয়া। বিশেষ করে যারা ইরানে, ইরাকে, লেবাননে, আযারবাইজানে, পাকিস্তান, ভারত ও বাংলাদেশে আছে।

এ নামটি তাদের জন্য নির্ধারিত হয়ে গেছে যারা,

- ১- আবু বকর, উমার ও উসমানকে খলীফা মানতে অস্বীকার করে।
- ২- তারা আবু বকর, উমার, উসমানকে গালি প্রদান করে, তাদেরকে কাফির বলে।
- ৩- তারা কয়েকজন ছাড়া সকল সাহাবায়ে কিরামকে কাফির বলে।
- ৪- তারা আহলে বাইতের মধ্যে ইমাম হওয়ার বিষয়টি নির্ধারিত থাকার কথা বলে।
- ৫- তারা আল্লাহর ওপর ‘বাদা’ বা ‘নতুন করে জানা’ নীতিতে বিশ্বাস করে।
- ৬- তারা কুরআনকে সৃষ্ট বলে।
- ৭- তারা তাকদীর অস্বীকার করে।
- ৮- তারা রাজ‘আহ বা তাদের ইমামরা আবার আসবে এ নীতিতে বিশ্বাস করে।
- ৯- তারা বিশ্বাস করে তাদের ইমামরা গায়েব জানে।
- ১০- তারা বিশ্বাস করে তাদের ইমামদের হাতে জগতের চাবিকাঠি। যা ইচ্ছা তা করতে পারে।
- ১১- তারা বিশ্বাস করে কুরআন বিকৃত।
- ১২- তারা বিশ্বাস করে আহলুস সুন্নাতের কাছে থাকা হাদীস অগ্রহণযোগ্য।
- ১৩- তারা চার ইমামকে অসম্মানজনক কথা দিয়ে ভূষিত করে।
- ১৪- তারা তাকিয়া নীতির নামে মুনাফেকী জায়েয মনে করে।
- ১৫- তারা মুত‘আ নামক কন্টাক্ট বিয়েকে সাওয়াবের কাজ মনে করে।
- ১৬- তারা জিহাদের জন্য গায়েব হওয়া তথাকথিত ইমাম শর্ত করে। তবে যদি আক্রমণ হয় তবে সে সময় প্রতিরোধ করা হবে।
- ১৭- তারা আযানে পরিবর্তন এনেছে।

- ১৮- তারা ওযুতে পা ধোয় না।
- ১৯- তারা ইকামতে পরিবর্তন এনেছে।
- ২০- তারা সালাতের পদ্ধতিতে পরিবর্তন এনেছে।
- ২১- তারা তিন ওয়াক্ত সালাত ফরয মনে করে।
- ২২- তারা কুরআনের তাফসীর বিকৃতি করেছে।
- ২৩- তারা আহলে বাইতের নামে মিথ্যাচার করে।
- ২৪- তারা ইয়াহূদীদের মত খুমুস গ্রহণ করে।
- ২৫- তারা ইয়াহূদীদের মত তারকা উদিত হওয়া পর্যন্ত দেরী করে ইফতার করে।
- ২৬- তারা আহলুস সুন্নাতকে কাফির ও অপবিত্র মনে করে।
- ২৭- তারা আহলুস সুন্নাতের বিরুদ্ধে সবসময় ষড়যন্ত্র করে।

এদের সম্পর্কে বিস্তারিত জানতে দেখুন, বাগদাদী, আল-ফারকু বাইনাল ফিরাক্ব পৃ. ১৫; আশআরী, মাক্বালাতুল ইসলামিয়্যীন পৃ. ১৯; আস-সাকসাকী, আল-বুরহান পৃ.৩৬; ইবন তাইমিয়্যাহ, মিনহাজুস সুন্নাহ ২/৯৬।

## ফুটনোট

https://www.facebook.com/abubakar.m.zakaria/posts/pfbid0uMFHq6ccXV6UctU3nTC9NCUQM8GUxA9w9RMyDXUGn23hjFNmyXf7FcEyw79ut5Jwl

Source — https://www.hadithbd.com/books/link/?id=15162

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন